# ভারত বাংলাদেশের সার্বভৌমত্বের প্রতি অসম্মান করেছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রকাশ্যে বক্তব্য দেওয়ার সুযোগ করে দেওয়ার সমালোচনা করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তার অভিযোগ, এ ঘটনায় জুলাই আন্দোলনের শহীদদের প্রতি অসম্মান দেখানো হয়েছে।

বৃহস্পতিবার (৬ আগস্ট) সকালে রাজধানীর শেরেবাংলা নগরে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, দুই দেশের মধ্যে বিদ্যমান আইনি কাঠামো থাকা সত্ত্বেও একজন পলাতক ও দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে দেশে ফেরত না দিয়ে রাজনৈতিক বক্তব্য দেওয়ার সুযোগ করে দেওয়া বাংলাদেশের সার্বভৌমত্বের প্রতি অসম্মান।

তিনি আরও বলেন, শেখ হাসিনাকে এভাবে প্রকাশ্যে বক্তব্য দেওয়ার সুযোগ দেওয়ার বিষয়টি উদ্দেশ্যপ্রণোদিত এবং এটি বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক সম্পর্কের ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। শেখ হাসিনার বক্তব্যের পেছনে দিল্লির রাজনৈতিক সমর্থন রয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

দেশের চলমান বিভিন্ন সংকট প্রসঙ্গে রিজভী বলেন, গ্যাস, হাম, ডেঙ্গুসহ বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার কাজ করছে এবং এসব সমস্যা সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে।

LENS ASIA